


বললেন শিক্ষা উপদেষ্টা

## গুচ্ছ পরীক্ষা বাতিল হলে উচ্চশিক্ষায় শৃঙ্খলা ফেরানো কঠিন হবে



শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ।

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৩ ডিসেম্বর ২০২৪ | ০৬:২৮



গুচ্ছ পরীক্ষা পদ্ধতির পক্ষে-বিপক্ষে নানা যুক্তি থাকলেও বিশ্ববিদ্যালয়গুলোকে এখনই এই পদ্ধতি থেকে বেরিয়ে না আসার অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছেন শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ। বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের কাছে গত রোববার চিঠি পাঠানোর পর সোমবার বিষয়টি প্রকাশ্যে আসে।

চিঠিতে তিনি বলেছেন, বর্তমানে প্রচলিত গুচ্ছ ভর্তি পরীক্ষার পদ্ধতি থেকে বেরিয়ে এলে উচ্চশিক্ষা ব্যবস্থার শৃঙ্খলা ফিরিয়ে আনা আরও কঠিন হয়ে পড়বে। ভবিষ্যতে প্রয়োজনে এ পদ্ধতি সংশোধন করার সুযোগ আছে উল্লেখ করে আরও বলা হয়, গুচ্ছ পরীক্ষার পক্ষে-বিপক্ষে যুক্তি থাকলেও বর্তমান পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়গুলো এককভাবে সিদ্ধান্ত নিতে থাকলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হবে।

অভিভাবক ও ভর্তিচ্ছুদের পক্ষ থেকে গুচ্ছ পরীক্ষা পদ্ধতি বহাল রাখার জন্য স্মারকলিপি পাওয়ার কথা জানিয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য গুচ্ছ পরীক্ষা পদ্ধতিতে ভর্তির ব্যবস্থা অনুসরণ করার জন্য যথাসাধ্য চেষ্টা করার অনুরোধ করেন তিনি।